45

দৈনিক ইত্তেফাক

তারিখ ৩০ NOV 1997
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# নবাবগঞ্জে ৬ বছরে ১৬ শত মহিলাকে অক্ষরদান

নবাবগঞ্জ সংবাদদাতা ॥ নবাবগঞ্জে মহিলা সমিতির উদ্যোগে ১৮টি গণশিক্ষা বিদ্যালয় পরিচালিত হইতেছে। এই গণশিক্ষা কেন্দ্রে গত ৬ বৎসরে ১৬ শত নিরক্ষর মহিলাকে অক্ষরদান করে। নবাবগঞ্জ থানায় ৮টি ইউনিয়নে এই গণশিক্ষা কেন্দ্রে অক্ষরদান কার্যক্রম চালু থাকিলেও উহা এখন নানা সমস্যায় জর্জরিত। গণশিক্ষা কেন্দ্রগুলোতে চেয়ার, টেবিল, বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্র নাই। কোন ভবন নাই। কোন রকমে স্কুল, বাড়ী বা কোন প্রতিষ্ঠানে শিক্ষা দান করা হয়। গণশিক্ষা কেন্দ্রে যাহারা শিক্ষাদান করেন তাহারা কোন বেতন পান না, বিনা পয়সায় তাহারা শিক্ষা দিতেছেন।

মহিলা সমিতির প্রতিষ্ঠাতা ও সভানেত্রী মাধুরী বণিক জানান, ১৪৪টি পরিবার গণশিক্ষা কেন্দ্রে নিরক্ষতাদান, দারিদ্র্য বিমোচন, সেলাই প্রশিক্ষণ, শাকসব্জি চাষ, পরিবার পরিকল্পনা গ্রহণসহ বিভিন্ন ক্ষুদ্র প্রকল্পের মাধ্যমে উপকৃত হইয়াছে। অনেক দরিদ্র পরিবার এখন নিজের পায়ে দাড়াইয়া স্বাবলম্বী হইয়াছে। সমাজ সেবা কর্মকর্তা মতিউর রহমান জানান, প্রধানমন্ত্রীর তহবিলের এক লক্ষ টাকা মহিলা সমিতির দরিদ্রদের মাঝে বিতরণ করা হয়। প্রতিটি পরিবারকে এক হাজার টাকা দেওয়া হয়। ঐ এক হাজার টাকায় মুড়ি ভাজা প্রকল্প, হাঁস-মুরগি পালন, কাজে মহিলারা বেশ উপকৃত হইয়াছে। নবাবগঞ্জ- মহিলা সমিতি প্রয়োজনীয় অর্থের অভাবে দারিদ্র্য বিমোচন কর্মসূচী হাতে নিতে পারিতেছে না, তাহারা সরকারের নিকট প্রয়োজনীয় ঋণ পাওয়ার দাবী জানাইয়াছেন।